**SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION**

**2023-2024**

# SAMPLE QUESTION PAPER(2023-24)

## SUBJECT- BENGALI(105)

## CLASS –XII

**TIME - 3 HOURS** **MAXIMUM MARKS - 80**

**Code No. 105**

**General Instructions:**

**1.** The question paper contains **14**printed pages.

**2.** The question paper contains **16** questions.

**3**. The Question Paper is divided into **two** Parts

**PART – A** : Objective type paper (MCQ) : **25** Marks

**PART – B** : Descriptive paper: **55** Marks

**4. PART – A** has **three** sections :

**Section – A: Reading ( Unseen Comprehension): 10 Marks**

**Section – B: Grammar : 05 Marks**

**Section – C : Main Course Book : 10 Marks**

**PART- B** has **three** sections:

**Section – B: Grammar : 10 Marks**

**Section – C : Supplementary Reader/ Non-detailed Text : 35Marks**

**Section – D : Creative Writing : 10Marks**

**Class – XII (2023 – 2024)**

**Subject – Bengali**

সময়- ৩ঘন্টা সর্বমোট অঙ্ক – ৮০

**Time : 3 Hours. Maximum Marks: 80**

## PART A: Objective Type Questions (MCQ)

## SECTION- A( Reading)

## (Unseen Comprehension)

1. নীচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো: ( MCQ ) 2 ( 1X5 ) =10

**A.** হাওয়াইতে এসে প্রথম চোখে পড়ে নারকেল বনের অফুরন্ত বিস্তার। সেইসঙ্গে আম-জাম-আনারস-কমলা-খেজুর প্রভৃতি বহুরকমের ফলের গাছ-যার সীমা পরিসীমা নেই। এর সঙ্গে বহুবর্ণের ফুলে পথঘাট-বনবাগান ছেয়ে আছে। এখন এটি আমেরিকান স্টেট, তাই সব রকমের প্রাচুর্য এসে পৌঁছেছে , প্রতি ঘন্টায় শিল্পপতিরাও সামগ্রীসম্ভার পাঠাচ্ছেন বিমানযোগে, জাহাজে। যুক্তরাষ্ট্রের কর্তৃপক্ষ আর শিল্পপতিরা প্রাচুর্যের প্লাবনে দেশকে ভাসিয়ে দেয় নিজেদেরই স্বার্থে ও প্রয়োজনে। বিত্তহীন বেকার বা দরিদ্র বলতে আমরা যাদের দেখতে পাই তাদের অস্তিত্ব নেই এখানে। সুদূর প্রাচ্য থেকে একদা বহু জাতি একে একে পলিনেশিয়ান হাওয়াই ও ফরাসী অধিকৃত তাহিতি দ্বীপগুলিতে জায়গা নিয়েছিল। পলিনেশিয়া চিরদিন শান্ত, অমায়িক, অতিথিবৎসল। যারা এসেছে তাদের মধ্যে চীনা, জাপানী, কোরিয়ান, ইন্দোনেশীয় ছাড়াও বহির্ভারতীয় হিন্দুও এসেছে প্রচুর। জাতি, ধর্ম, বর্ণ, গোষ্ঠী, সম্প্রদায়—সমস্ত একাকার করে দিয়ে তারা বিবাহবিনিময় করে এদেশেই থেকে গেছে, আর ফিরে যায়নি। পলিনেশিয়ার আদিবাসীদের পরিচয় একটু অন্যরকমের। এখানকার সমুদ্রতীরে, বন-অরণ্যে, জনপদে এবং টুরিস্ট সেন্টারগুলির আশেপাশে তারা বিভিন্ন কাজ নিয়ে থাকে। নৌকা চালায়, মৎস্যশিকারে, কুটিরনির্মাণে, বিভিন্ন প্রকার ফলনের কাজে এরা সিদ্ধহস্ত। এদের মেয়েরা সুশ্রী, সুশ্যামবর্ণা—এদের সঙ্গে বাংলার সাঁওতালদের যথেষ্ট মিল দেখতে পাচ্ছিলুম। এদের নৃত্যকলার সঙ্গেও ভারতের মিল আছে। ওদের সম্প্রদায়ের অনেকেই আজও বিশ্বাস করে তারা মূলত ভারতীয়। রাজা কামেহামেহা নাকি ওদেরই বংশ সম্ভূত ছিলেন।

I. সুদূর প্রাচ্য থেকে একসময় বিভিন্ন জাতির মানুষ কোথায় এসেছিল?
A. ইন্দোনেশিয়ার দ্বীপগুলিতে
B. হাওয়াই ও তাহিতি দ্বীপগুলিতে
C. যুক্তরাষ্ট্রের বিভিন্ন দ্বীপে
D. বহির্ভারতের বিভিন্ন দ্বীপে

II. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?
মন্তব্য (ক) : হাওয়াই একটি স্বাধীন স্টেট, তাই সব রকমের প্রাচুর্য এখানে এসে পৌঁছেছে, প্রতি ঘন্টায় শিল্পপতিরাও বিমানে, জাহাজে সামগ্রীসম্ভার পাঠাচ্ছেন।
মন্তব্য (খ) : যুক্তরাষ্ট্রের কর্তৃপক্ষ আর শিল্পপতিরা প্রাচুর্যের প্লাবনে দেশকে ভাসিয়ে দেয় নিজেদেরই স্বার্থে ও প্রয়োজনে।
A.মন্তব্য (ক) সঠিক, কিন্তু মন্তব্য(খ)গ্রহণযোগ্য নয়
B.মন্তব্য (খ) সঠিক, কিন্তু মন্তব্য(ক)গ্রহণযোগ্য নয়
C.মন্তব্য (ক)এবং মন্তব্য (খ)- দুটোই সঠিক
D.মন্তব্য (ক)এবং (খ)- কোনোটাই গ্রহণযোগ্য নয়

III.বাংলার সাঁওতালদের সঙ্গে কাদের সাদৃশ্য রয়েছে ?
A.যুক্তরাষ্ট্রের বিভিন্ন দ্বী.পের আদিবাসীদের।
B.তাহিতি দ্বীপের আদিবাসী মহিলাদের।
C.হাওয়াই দ্বীপের আদিবা.সী মহিলাদের।
D.পলিনেশিয়ার আদিবাসী মহিলাদের ।

IV.'বিত্তহীন বেকার বা দরিদ্র'দের অস্তিত্ব কোথায় দেখতে পাওয়া যায় না ?
A.মার্কিন যুক্তরাষ্ট্রে B. হাওয়াই-তে
C.পলিনেশিয়ায় D.টুরিস্ট সেন্টারগুলির আশেপাশে

V.'সম্ভূত' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে -----
A.সম +ভূত B. সম্ভূ +ত
C.সম্ +ভূত D. সম্ +ভুত

**B.** চৈত্রমাসের শেষে এমন কাণ্ডের সূত্রপাত হইল যাহার অভিজ্ঞতা কখনও ছিল না। পৌষমাসে কিছু বৃষ্টি পড়িলেও তারপর ঘোর অনাবৃষ্টি। সঙ্গে যেমন অসহ্য গ্রীষ্ম, তেমনই নিদারুণ জলকষ্ট। শুধু গ্রীষ্ম বা জলকষ্ট বলিলে এ প্রাকৃতিক বিপর্যয়ের স্বরূপ কিছুই বোঝানো যাইবে না। সারা জঙ্গল-মহালে যেখানে যত খাল , ডোবা , কুণ্ডি অর্থাৎ বড় জলাশয় ছিল সব গেল শুকাইয়া। চারিধারে হাহাকার পড়িয়া গিয়াছে। পূর্বে একমাত্র কুশীনদী ভরসা—সেও সাত-আট মাইল দূরে মোহনপুরা

রিজার্ভ ফরেস্টের ওপারে। আমাদের জমিদারি ও মোহনপুরা অরণ্যের মধ্যে একটি ছোট পাহাড়ি নদী নেপালের তরাই অঞ্চল হইতে বহিয়া আসিতেছে—কিন্তু বর্তমানে শুধু শুষ্ক বালুময় খাতে তাহার উপলঢাকা চরণচিহ্ন বিদ্যমান। দূরের গ্রাম হইতে মেয়েরা কলসী লইয়া আসে , সারা দুপুর বালি খুঁড়িয়া , বালি-কাদা ছানিয়া আধ-কলসীটাক ঘোলা জল লইয়া বাড়ি ফেরে। কিন্তু পাহাড়ি নদী—স্থানীয় নাম মিছি নদী--আমাদের মহাল হইতে বহু দূরে বলিয়া কোনও কাজে আসেনা । কাছারিতে কোনও বড় ইঁদারা নাই—ছোট বালির পাতকুয়াটি হইতে পানীয় জলের সংস্থান হওয়াই বিষম সমস্যার। দুপুরে বাহিরে দাঁড়াইয়া তাম্রাভ অগ্নিবর্ষী আকাশ ও অর্ধশুষ্ক বনঝাউ ও লম্বা ঘাসের বন দেখিতে ভয় করে – চারিধার যেন দাউদাউ করিয়া জ্বলিতেছে – দ্বিপ্রহরে সূর্যের এই ভয়ানক রুদ্ররূপ কখনও দেখি নাই, কল্পনাও করি নাই । চৈত্র-বৈশাখ মাসে একেকদিন পশ্চিমদিক হইতে বালির ঝড় বয় বলে কাছারি হইতে একশ গজ দূরের জিনিস ঘন বালি আর ধূলিরাশির আড়ালে ঢাকিয়া যায়।

I.কোন্ জিনিসটি কথকের কাছে ভয় উদ্রেককারী বলে মনে হয়েছে ?

A.প্রাকৃতিক বিপর্যয়
B.দুপুরের আগুরঝরা আকাশ, রৌদ্রের প্রাখর্য, বিশুষ্কপ্রায় ঝাউবন
C. ভূমিকম্প
D.পানীয় জলের অপ্রতুলতা

II. সামান্য ঘোলা জলটুকু নিতে দূরের গ্রাম থেকে মেয়েরা কোথায় আসে ?

A.কুশী নদীতে
B.কাছারির বড় ইঁদারাতে
C.তরাই অঞ্চল থেকে বয়ে আসা ছোট পাহাড়ি নদীতে
D.স্থানীয় অঞ্চল থেকে বয়ে আসা পাহাড়ি নদী – মিছি নদীতে

III. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

মন্তব্য (ক) : কাছারি হইতে একশ গজ দূরের জিনিস ঘন বালি আর ধূলিরাশির আড়ালে ঢাকিয়া যায় কারণ চৈত্র-বৈশাখ মাসে মাঝে মাঝে পশ্চিমদিক হইতে বালির ঝড় বয়

মন্তব্য (খ) : কাছারি হইতে একশ গজ দূরের জিনিস ঘন বালি আর ধূলিরাশির আড়ালে ঢাকিয়া যায় কারণ সারা বছরই মাঝে মাঝে পশ্চিমদিক হইতে প্রবল বেগে পশ্চিমী ঝড় বয়

A.মন্তব্য (ক) সঠিক, কিন্তু মন্তব্য(খ)গ্রহণযোগ্য নয়
B.মন্তব্য (খ) সঠিক, কিন্তু মন্তব্য(ক)গ্রহণযোগ্য নয়
C.মন্তব্য (ক)এবং মন্তব্য (খ)- দুটোই সঠিক
D.মন্তব্য (ক)এবং (খ)- কোনোটাই গ্রহণযোগ্য নয়

IV. ‘কুণ্ডি’ বলে ----

A.পাহাড়ি নদীকে B.স্থানীয় খাল ও ডোবাকে
C. বড় জলাশয়কে D.মিছি নদীর স্থানীয় নাম

V. প্রদত্ত অনুচ্ছেদ থেকে এমন একটি শব্দ খুঁজে বের করো যার বিপরীতার্থক শব্দ হতে পারে ‘অতিবৃষ্টি’ ---

A.অগ্নিবর্ষী B.বিপর্যয়
C.তুমুল বৃষ্টি D.অনাবৃষ্টি

## SECTION- B( Grammar)

**2.**যে কোনো **পাঁচটি** বাগধারা/প্রবাদের সঠিক উত্তরটি বেছে লেখো :( MCQ ) 1X5=5

I. রমেশবাবুর মতো কৃপণ মানুষের কাছে আসামের বন্যাত্রাণে অর্থসাহায্য চাওয়া ___________ ছাড়া কিছুই নয় । - শূন্যস্থানে কোন্ বাগধারাটি বসবে?

A. অমাবস্যার চাঁদ B. ভস্মে ঘি ঢালা
C. অরণ্যে রোদন D. ইঁচড়ে পাকা

II. ‘নিজের ক্ষমতা বুঝে চলা ’ বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হবে?
A. চোখে সর্ষে ফুল দেখা B. ওজন বুঝে চলা
C. মাটির মানুষ D. ছাই ফেলতে ভাঙা কুলো

III. নিচের কোন্ বাক্যে ‘আঠারো মাসে বছর’ বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে?
A. সতীশবাবু কোনদিনই ঠিক সময়ে অফিসে পৌঁছাতে পারেন না কারণ তাঁর হচ্ছে আঠারো মাসে বছর ।
B. আঠারো মাসে বছর হলে তোমার জীবনে অনেক উন্নতি হবে ।
C. আমাদের চারপাশে কত মানুষ আঠারো মাসে বছর হয়ে বসে আছে ।
D. ছেলেটি খুব অল্পবয়সী হলেও তার তো আঠারো মাসে বছর ।

IV. ‘চাঁদের হাট ’ বাগধারাটির অর্থ –
A. বহু গুণী মানুষের একত্র সমাবেশ
B. নদীতীরের সাপ্তাহিক জমজমাট হাট

C. জ্যোৎস্নালোকিত আকাশের নিচে বসে যে হাট

D. সামাজিক অনুষ্ঠানে মানুষের সমাবেশ

V. 'প্রচ্ছন্ন প্রতিভা ' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হয়?

A. তীর্থের কাক
B. তাসের ঘর
C. ছাই চাপা আগুন
D. হাতের পাঁচ

VI. 'হ য ব র ল' বাগধারাটির অর্থ –

A. বিশৃঙ্খল
B. উচ্ছৃঙ্খল
C. প্রতিবাদ
D. সমন্বয়

VII. গানে তার তালবোধ বেশ দুর্বল, অথচ সেদিনের অনুষ্ঠান খারাপ হওয়ার জন্য তবলিয়াকে মিথ্যে বকুনি দিল, আসলে কথায় বলে না __________ । – শূন্যস্থানে কোন্ প্রবচনটি বসবে?

A. শক্তের ভক্ত নরমের যম

B. নাচতে না জানলে উঠোনের দোষ

C. জলে বাস করে কুমিরের সঙ্গে বিবাদ করা চলে না

D. দশে মিলি করি কাজ, হারি জিতি নাহি লাজ

VIII. 'অতি প্রাচীনকাল' বোঝাতে কোন্ বাগধারাটির প্রয়োগ করা হয়?

A. পাকা ধানে মই
B. টনক নড়া
C. ঠোঁট কাটা
D. মান্ধাতার আমল

## <u>SECTION– C</u>

### (Main Course Book)

**3. পাঠ্য নাটক** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো :

(যে কোনো **<u>পাঁচটি</u>**) (MCQ) 1X5=5

I. মহম্মদের পিতার নাম কী?

A. আকবর
B. ঔরঙ্গজেব
C. শাহজাহান
D. মোরাদ

II. বক্তিয়ার সিনটা কোন নাটকে ছিল?

A. ঔরঙ্গজেব B. ম্যাকবেথ

C. রিজিয়া D. নূরজাহান

III. "রজনীবাবু ভয়ে চিৎকার করে পিছিয়ে যান"- কাকে দেখে ?

A. কালীনাথকে দেখে B. রামব্রিজকে দেখে

C. আলমগীরকে দেখে D. জনতাকে দেখা

IV. "আমি লাস্ট সিনে প্লে করব না ভাই,”-‘লাস্ট সিন’ বলতে বক্তা বুঝিয়েছেন –

A. নাটকের শেষ দৃশ্য B. ব্যক্তিগত সম্পর্কের শেষ

C. মৃত্যুকাল D. অভিনয়ের শেষ দৃশ্য

V. “ধু-ধু করা দুপুরে জ্বলন্ত মাঠে বাতাস যেমন একা –...তেমনি “- এর মাধ্যমে বোঝানো হয়েছে –

A. কালবৈশাখীর আগমন

B. রজনীকান্তের জীবনের খারাপ অধ্যায়

C. প্রাকৃতিক প্রতিকূলতা

D. রজনীকান্তের একাকিত্ব

VI. ‘নানা রঙের দিন’ নাটকের পটভূমিতে আছে --

A. গ্রুপ থিয়েটার B. শখের থিয়েটার

C. পেশাদারি থিয়েটার D. গ্রাম্য যাত্রা

**4. পাঠ্য সহায়ক পাঠ** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো :

(যে কোনো **<u>পাঁচটি</u>**) (MCQ) 1X5=5

I. ‘বার বার আকাশ প্রদক্ষিণ করে কী যেন তন্ন তন্ন করে খুঁজছে’-- এখানে কীসের কথা বলা হয়েছে ?

A. আকাশের তারা B. বিমান

C. আসানসোল স্টেশনের সার্চলাইট D. রাতচরা পাখি

II. ফেরিতে একসঙ্গে পার হয় –

A. গোরু-ছাগল-মানুষ

B. গোরু-ঘোড়া-মানুষ

C. গোরু-মানুষ-মেষ

D. গোরু-গাধা-মানুষ

III. বক্সা জেলখানায় ঢুকেই দেখা যায় দেয়ালের গায়ে লেখা আছে--

A. চুরি করা মহাপাপ

B. চুরি করা অপরাধ

C. চুরি করা অধর্ম

D. চুরি করা অন্যায়

IV. '.... মজুরেরা যমের মতো ভয় করে' --- কোন্ জিনিসটি মজুরদের কাছে এত ভীতিপ্রদ ?

A.মাটির নীচে খাদের অন্ধকার গহ্বর
B.দিনভর পরিশ্রমের পর তৃষ্ণা মেটাবার জলটুকুও না পাওয়া
C.সুড়ঙ্গের মধ্যে ডিনামাইট দিয়ে কয়লার বড় চাঙড়া ভাঙা
D.খনির নিজস্ব হাসপাতাল

V. গারোদের জীবনে 'দুষ্টু শনি' কে ?

A. গোরাচাঁদ মাস্টার

B. জমিদার

C. মহাজন

D. ফেরিঘাটের মালিক

VI. কার্য-কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

কার্য: বন্দরের ভদ্রলোকেরা ডালু চাষিদের আজকাল থানায় চেয়ার ছেড়ে বসতে দেয়।

কারণ (ক ): ডালুরা নিজেরাও অনেক সভ্য হয়েছে

কারণ (খ): ডালুরা জমিদারের সঙ্গে সমঝোতায় এসেছে

A. কারণ (ক) ও (খ )- দুটোই ঠিক

B.কারণ (ক) ও (খ )- দুটোই ভুল

C. কারণ (ক) ঠিক কিন্তু (খ) ভুল

D. কারণ (ক) ভুল কিন্তু (খ) ঠিক

## **PART B: Descriptive Questions**

### **SECTION- B (Grammar)**

**5.** ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির **যে কোনো একটির দু'টি** উদাহরণসহ সংজ্ঞা লেখো : (3+2)x1=5

অপিনিহিতি **অথবা** অভিশ্রুতি **অথবা** স্বরভক্তি

**6. শব্দার্থতত্ত্বের** নিম্নলিখিত প্রকারভেদগুলির যে কোনো **একটির তিনটি** উদাহরণসহ সংজ্ঞা লেখো : (2+3)x1=5

শব্দার্থের উৎকর্ষ **অথবা** শব্দার্থের সংকোচন

### **SECTION- C**

### **Supplementary Reader/ Non-detailed Text**

**7.** "আসল বাদাটার আর খোঁজ করা হয় না উচ্ছবের।"**–** 2+3=5

a. উচ্ছবের পরিচয় দাও ।

b. উচ্ছবের 'আসল বাদা' অনুসন্ধানের অসমাপ্ত বিষয়টির তাৎপর্য বুঝিয়ে লেখো ।

**অথবা**

"নিখিল ভাবছিল বন্ধুকে বুঝিয়ে বলবে, এভাবে দেশের লোককে বাঁচানো যায় না ।"–

a. কখন নিখিলের মনে এমন ভাবনার উদয় হয়?

b. এই ভাবনার মাধ্যমে নিখিল চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে তা লেখো।

৪. দীর্ঘ ঘুম থেকে উঠে দু পাশের ভিড় দেখে বুড়ির কী প্রতিক্রিয়া হয়েছিল ? 2

9. "ফুটন্ত ভাতের গন্ধ তাকে বড় উতলা করে তোলে ।"– 3

'তাকে' ফুটন্ত ভাতের গন্ধ কেন উতলা করে তুলেছিল?

**অথবা**

“সবাই চলে আসে সভ্যতার ছোট্ট উনোনের পাশে হাত –পা সেঁকে নিতে ।”-উক্তিটির তাৎপর্য বুঝিয়ে লেখো ।

10. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো: 5x 1 =5

“সত্য যে কঠিন,

কঠিনেরে ভালবাসিলাম ।”

**অথবা**

“চোখ তো সবুজ চায়

দেহ চায় সবুজ বাগান ।”

11. “আমৃত্যুর দু:খের তপস্যা এ জীবন ‘’- 2+3=5

a. এখানে কবির মনোভাবে যে বিবর্তনের ছবি পাওয়া যায় তা লেখো ।

b. কবির এই উক্তির কারণ কী?

**অথবা**

“ আমি তা পারি না ।”-

a. কে, কী পারেন না ?

b. কেন তিনি একথা বলেছেন?

**12.** “জয়তোরণে ঠাসা মহনীয় রোম
বানাল কে?”- 2+3=5

a.কথাটি বিশ্লেষণ করে বুঝিয়ে লেখো ।

b.কী কারণে প্রসঙ্গটির উল্লেখ করা হয়?

**অথবা**

“কে জিতেছিল? একলা সে?”-

a.যাঁর সম্পর্কে এই উক্তি তাঁর ঐতিহাসিক পরিচয় দাও।

b. ‘একলা সে?’-এই প্রশ্নের কারণ বুঝিয়ে লেখো ।

**13.** “আপনার প্রতিভা এখনও মরে নি চাটুজ্জেমশাই।”- 2+3 =5

a. কার প্রতি, কার এই উক্তি?

b. বক্তা কখন, কেন একথা বলেন?

**অথবা**

“ আর ক’পা এগোলেই শ্মশানের চিতার আঁচ লাগবে গায়ে, ঝলসে দেবে আমাকে।”-

a.কে, কখন একথা বলেন?

b.এখানে বক্তার যে মনোভাব ফুটে উঠেছে তা বুঝিয়ে লেখো।

**14.** “যেন রাবণের চিতা- জ্বলছে তো জ্বলছেই।”- 2+3=5

a. কাকে ‘রাবণের চিতা’ বলা হয়েছে?

b. একথা বলার কারণ বুঝিয়ে দাও।

**অথবা**

“আজ ইংরেজ নেই, তবু আগের ব্যবস্থাই বহাল আছে বক্সায়।”-

a.বক্সায় যখন বন্দীশিবির তৈরি হয়েছিল তখন সেখানকার পরিবেশ কেমন ছিল?

b.‘আগের ব্যবস্থা’ বলতে কী বোঝানো হয়েছে?

## Section-D

## Creative Writing

**15.** নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো : 2+3 =5

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: বইমেলা চলছে কলকাতায়। শুধু কলকাতায় কেন সারা বাংলার জেলায় জেলায় , গ্রামে গ্রামে বইয়ের মেলা ও সাংস্কৃতিক ভাবনার সমাবেশ লেগেই আছে।দেশ জুড়ে, বিশ্ব জুড়ে বইয়ের প্রচার , প্রসার , বই পড়ার সুযোগ বিঘ্নহীন বললে অত্যুক্তি হবে না। মানুষের সভ্যতা , সংস্কৃতি এবং সর্বপ্রকার উন্নতির সঙ্গে বইয়ের অনিবার্য সম্পর্ক অস্বীকার করার উপায় নেই। মানুষের মন প্রশ্ন , সংশয় সন্ধান ছাড়া থাকতে পারে না এই কারণেই সভ্যতা , সংস্কৃতি , সমাজ বই ছাড়া চলতে পারে না। প্রশ্বাসের জন্য যেমন বাতাসের প্রয়োজন , তেমনি ভাবনার জন্য প্রয়োজন বই। বাতাস এবং বই প্রায় পৃথিবী জুড়েই এত সহজে, বিঘ্নহীন ভাবে পাওয়া যায় , সেটা যে কত বড় পাওয়া , আমরা বুঝতে পারি না । এই অভাবটা কী ভয়ংকর তা আমরা উপলব্ধি করি নিদারুণ কষ্টে , যখন বাতাসের অভাবে আমাদের দম বন্ধ হয়ে যায়।বইয়ের আলো তালিবান শাসন প্রায় নিভিয়ে দিয়েছে বললেই চলে । বিশেষ করে মেয়েদের বই পড়া সম্পূর্ণ 'নিষিদ্ধ' তালিবান-শাসিত কাবুলে । মেয়েরা সেখানেও সম্পূর্ণ বঞ্চিত স্কুল-কলেজে যাবার অধিকার থেকে । এমন কী লুকিয়ে বই পড়ারও অধিকার নেই তাদের। মেয়েদের মনে বিদ্যাচর্চা-প্রসূত কোনো সংশয় , কোনো প্রশ্ন , কোনো অন্বেষ-বাসনা জেগে ওঠা পাপ এবং সমাজ সংসারের পক্ষে বিপজ্জনক। এহেন বইশূন্য মরুভূমিতে আফগান অধ্যাপক ইসমাইল মাশাল আর থাকতে পারছিলেন না। এমন এক অবস্থায় , যেখানে মেয়েদের লেখাপড়া করার কোনো অধিকার নেই , সেখানে কী লাভ অধ্যাপনা করে ? তিনি প্রতিবাদ করলেন এই অন্ধকারপন্থী অপশাসনের বিরুদ্ধে একটি টিভি চ্যানেলের অনুষ্ঠানে তার নিজের অ্যাকাডেমিক যোগ্যতার সমস্ত শংসাপত্র ধ্বংস করে । সেই দৃশ্য বিশ্ব জুড়ে ভাইরাল হল। এরপর আরো ভয়ংকর পথে তিনি পা বাড়ালেন । বন্ধু ও সহকারি ফরিদ আহমেদ ফাজলিকে নিয়ে তিনি কাবুলের পথে পথে বই বিলি করলেন । বই তুলে দিলেন মেয়েদের হাতে। তালিবান তথ্য ও সংস্কৃতি মন্ত্রকের ডিরেক্টর আব্দুল হক হাম্মাদ অবশ্য জানিয়েছেন , কিছুদিন ধরেই শিক্ষক মাশাল সামাজিক রীতি-নীতির বিরুদ্ধে প্ররোচনা দিচ্ছিলেন। তাই নিরাপত্তা বাহিনী তাকে হেফাজতে নিতে বাধ্য হল। বই বিতরণের মতো অপরাধ তালিবানদের চোখে সহজ ক্ষমার্হ অপরাধ নয় । কারণ বই তোলে তর্ক, প্রশ্ন, রোপণ করে শিক্ষার বীজ।

a. উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b. তিনটি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত করো।

**16.** তোমার পাড়ায় স্কুল-পাঠ্যবইয়ের একটি দোকানের উদ্বোধন হতে চলেছে।- এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি করো(৫০ টি শব্দের মধ্যে)। 5

**অথবা**

তোমার রাজ্যের বাইরে অন্য কোথাও তোমার বিদ্যালয়ের আরেকটি শাখার উদ্বোধন হবে- এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি করো(৫০ টি শব্দের মধ্যে)।